



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৫.১৯.৮৯

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান উক্ত কলেজের
অধ্যক্ষ জনাব শরীফ সাদি এর বিরুদ্ধে এমপিও না করানোর অভিযোগ

কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান উক্ত কলেজের অধ্যক্ষ জনাব শরীফ
সাদি এর বিরুদ্ধে এমপিও না করানোর অভিযোগ করেন।

অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক (কলেজ), আঞ্চলিক কার্যালয়,
ময়মনসিংহকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত:

- ১। জনাব সাইফুল ইসলাম জুয়েল, প্রভাষক-উদ্ভিদ বিজ্ঞান, (সম্মান কোর্স এর জন্য নিয়োগপ্রাপ্ত) তার এমপিওভুক্তির
প্রাপ্যতা নেই জেনেও আইনগত যে জটিলতা সৃষ্টি করেছে রিট পিটিশনের মাধ্যমে তার ও জবাবদিহি করা দরকার। অন্যথায়
যে কেহ যে কোন ভিত্তিহীন বিষয়েও অযথা আইনের সাহায্য চেয়ে সম্যক কাজকে দীর্ঘসূত্রিতায় আবদ্ধ করতে উৎসাহিত
হতে পারে।
- ২। তদন্ত সংশ্লিষ্ট শিক্ষক জনাব সাইফুল ইসলাম জুয়েলকে অনেক পূর্বে পত্র দেয়া হলেও বক্তব্যের পক্ষে যথাযথ
কাগজপত্রাদি সংযোজন না করারও কারণ দর্শানো দরকার।
- ৩। জনাব সাইফুল ইসলাম জুয়েল উভয়কেই কর্তৃপক্ষকে অবগত না করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বা অন্য কোন কর্তৃপক্ষের বরাবর
অভিযোগ/আবেদন উত্থাপন করা প্রসঙ্গে জবাবদিহি করা দরকার।

তদন্ত কমিটির মতামতের ভিত্তিতে জনাব সাইফুল ইসলাম জুয়েল, প্রভাষককে কারণ দর্শানোর জবাব ৫ কর্মদিবসের মধ্যে
দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৬-২-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

জনাব সাইফুল ইসলাম জুয়েল, প্রভাষক (উদ্ভিদ বিদ্যা),
সম্মান, পৌর মহিলা কলেজ, কিশোরগঞ্জ।